



# বাংলাদেশ কৃষি ব্যাংক

মুখ্য আঞ্চলিক কার্যালয়  
বাগেরহাট।



দূরালাপনী : অফিসঃ ০৪৬৮-৬২৫৬৬

E-mail: crmbagerhat@krishibank.org.bd

মুআকাবা/প্রশাসন-৬৬(শুদ্ধাচার)/২০২০-২০২১/৫৪৩

তারিখ : ২৪/০৯/২০২০ ইং

**বিষয়ঃ জুলাই ২০২০ হতে সেপ্টেম্বর ২০২০ সময়কালের অর্থবছরের ১ম প্রান্তিকের  
শুদ্ধাচার ও নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী।**

সভাপতি : জনাব তরুন কান্তি কুন্ডু, মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক, বাগেরহাট।  
তারিখ ও সময় : ২৪ সেপ্টেম্বর ২০২০, বিকাল ৪.১০ ঘটিকা।  
স্থান : মুখ্য আঞ্চলিক কার্যালয়, বাগেরহাট।  
উপস্থিতি : প্রতিবেদন প্রস্তুতকারী, ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও নৈতিকতা কমিটির সদস্যসহ সভাপতি মহোদয়।


সভার শুরুতেই সভাপতি মহোদয় তার স্বাগত বক্তব্যে অর্থবছরের ১ম প্রান্তিকের শুদ্ধাচার ও নৈতিকতা কমিটির সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানান।

০২। সভার ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব মোঃ মাসুম পারভেজ, উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা এর পরিচালনায় সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে ২০২০-২০২১ অর্থবছরের ১ম প্রান্তিক সভা অনুষ্ঠিত হয়।

০৩। সভায় বিভিন্ন বিষয়ের উপর বিস্তারিত আলোচনায় নিম্নরূপ সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়:

- ৩.১) সরকারি চাকরি আইন ২০১৮ বাস্তবায়ন, বিকেবি কর্মচারী আচরণ বিধিমালা বাস্তবায়ন করতে হবে।
- ৩.২) প্রধান কার্যালয় হতে সময়ে সময়ে জারিকৃত পরিপত্রসমূহ যথাযথভাবে অনুসরণ ও পরিপালন করতে হবে।
- ৩.৩) যথাসময়ে কর্মস্থলে উপস্থিত হওয়া এবং অফিস সময় শেষ হওয়ার পূর্বে কর্মস্থল ত্যাগ না করা নিশ্চিত করতে হবে।
- ৩.৪) করোনাভাইরাস এর প্রাদুর্ভাব এর কারণে চলমান অতিমারি রোধ কল্পে শাখায় যথাযথ স্বাস্থ্যবিধি নিশ্চিত করতে হবে।
- ৩.৫) সততা, স্বচ্ছতা ও দ্রুততার সাথে গ্রাহক সেবা নিশ্চিত করতে হবে।
- ৩.৬) বৈদ্যুতিক সরঞ্জামাদি ও মনিহারি দ্রব্যাদি ব্যবহারে পরিমিত প্রদর্শন করতে হবে।
- ৩.৭) শাখার নিরাপত্তা ব্যবস্থা জোরদারকরণে নিয়োজিত প্রহরী/বেসরকারি নিরাপত্তা প্রহরীদের মধ্যে ছুটির দিনসহ অন্যান্য সময়ের জন্য সুনির্দিষ্টভাবে দায়িত্ব বন্টন করতে হবে।
- ৩.৮) উপরোক্ত সিদ্ধান্তসমূহের অগ্রগতি ২য় ত্রৈমাসিকের নৈতিকতা কমিটির সভায় উপস্থাপন করতে হবে।
- ৩.৯) ০৩ নং ক্রমিকের সকল সিদ্ধান্ত অত্র মুখ্য অঞ্চলাধীন ২১(একুশ)টি শাখা ও কার্যালয় সমূহে পরিপালনের জন্য অবহিত করতে হবে।

০৪। সভায় আর কোন ও আলোচ্যসূচি না থাকায় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক  
বিকেবি মুখ্য আঞ্চলিক কার্যালয়, বাগেরহাট